



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রজেক্ট মনিটরিং বিভাগ
প্রধান কার্যালয়, ঢাকা
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.krishibank.org.bd

পরিবেশ বান্ধব ব্যাংকিং করুন

টেলিফোন : ৯৫৫১৬০৭, email:dgmpmd@krishibank.net

নং প্রকা/পিএমডি-০৫ (৫৩৩৮)/২০১৬-২০১৭/৪৪৭

তারিখ : ২৭.০৪.২০১৭

মহাব্যবস্থাপক

সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায়ের অগ্রগতি (মার্চ/২০১৭ ভিত্তিক) প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অত্র বিভাগের পত্র নং প্রকা/পিএমডি-০৫ (৫৩৩৮)/২০১৬-২০১৭/২৭৪ তারিখ ১৭.০১.২০১৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। অত্র বিভাগ হতে স্থানীয় মুখ্য কার্যালয়সহ ০৯টি বিভাগীয় কার্যালয়ের শীর্ষ-২৫ (মামলাধীন) ও শীর্ষ-২৫ (মামলা বহির্ভূত) সর্বমোট ৫০০ জন খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে প্রজেক্ট মনিটরিং বিভাগ থেকে বিভিন্ন সময়ে পত্রের মাধ্যমে গাইডলাইন প্রদান করা সত্ত্বেও গাইডলাইনে প্রদত্ত নির্দেশনার আলোকে অনুচ্ছেদওয়ারী কার্যকর ব্যবস্থা গ্রহণ না করায় খেলাপী ঋণ আদায়ে কাঙ্ক্ষিত অগ্রগতি পরিলক্ষিত হচ্ছে না। এরূপ পরিস্থিতিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশনা মোতাবেক অত্র বিভাগ হতে উপর্যুক্ত পত্রের মাধ্যমে ব্যাংকের শীর্ষ-১০০ খেলাপী ঋণ আদায়ের গতি জোরদারকরণের লক্ষ্যে বিভাগ, অঞ্চল ও শাখা ভিত্তিক শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতার তালিকা প্রণয়ন করে তন্মধ্যে ন্যূনতম ৫০টি খেলাপী ঋণ জুন/২০১৭ এর মধ্যে নিষ্পত্তি/নিয়মিতকরণের জন্য মার্চ কার্যালয়সমূহকে গাইডলাইন প্রদানপূর্বক ঋণ আদায়ের অগ্রগতি মাসিক ভিত্তিতে মনিটরিং করে মূল্যায়ন করা হচ্ছে। বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয় হতে প্রাপ্ত মার্চ/২০১৭ মাসের প্রতিবেদন অনুযায়ী শীর্ষ ১০০ খেলাপী ঋণ আদায়ের অগ্রগতি বিভাগওয়ারী নিম্নে উল্লেখ করা হলো :

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	৩১.০৩.২০১৭ তারিখ পর্যন্ত শীর্ষ-১০০ খেলাপী ঋণ আদায়					ঋণ হিসাব নিয়মিতকরণের সংখ্যা (বন্ধ/ পুনঃতফশিল/ নবায়ন)
		সংখ্যা	স্থিতি (শ্রেণীকৃত) ৩০.০৬.১৬ ভিত্তিক	আদায়যোগ্য (শ্রেণীকৃত স্থিতির ৩০%)	মোট আদায়	আদায়যোগ্য অনুযায়ী আদায়ের হার	
০১	এলপিও	৪৬	৫৮৩.৮০	১৭৫.০২	২২৯.২৭	১৩১ %	০৩
০২	ঢাকা	১০০	৮৩১.০৭	২৪৯.৩২	৫.০০	২.০১ %	০১
০৩	চট্টগ্রাম	১০০	৬৪৩.০১	১৯২.৯০	১০.৬৭	৫.৫৪ %	০২
০৪	কুমিল্লা	১০০	৫৪.৩৪	১৬.৩০	৩.৭৩	২২.৮৯ %	০৪
০৫	ময়মনসিংহ	১০০	৩১.৯৫	৯.৫৯	৩.৭৮	৩৯.৪২ %	০৫
০৬	সিলেট	১০০	২৩.৯৯	৭.২০	০.৫৭	৭.৮৮ %	০১
০৭	ফরিদপুর	১০০	১১.৪৫	৩.৪৩	০.৩৭	১০.৭০ %	০
০৮	কুষ্টিয়া	১০০	৪৮.৮৪	১৪.৬৫	০.৫০	৩.৪৩ %	০
০৯	খুলনা	১০০	১২৩.৮৪	৩৭.১৫	১.২৭	৩.৪২ %	০
১০	বরিশাল	১০০	১৪.৯১	৪.৪৭	০.৮০	১৭.৯০ %	০৪
	মোট :	৯৪৬	২৩৬৬.৮০	৭১০.০৩	২৫৫.৯৭	৩৬.০৫ %	২০

০৩। উপর্যুক্ত তথ্যাদি পর্যালোচনা করে দেখা যায়, শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে এলপিও, ময়মনসিংহ ও কুমিল্লা বিভাগ ব্যতিত অন্যান্য বিভাগের আদায়ের হার অত্যন্ত হতাশাজনক। এছাড়া ঋণ হিসাব নিয়মিতকরণের সংখ্যা (বন্ধ/ পুনঃতফশিল/ নবায়ন) এলপিও সহ সকল বিভাগেই অতি নগণ্য। উপরোল্লিখিত তথ্যে প্রতীয়মান হয় যে, শীর্ষ-১০০ খেলাপী ঋণ আদায়ে বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয় কর্তৃক প্রধান কার্যালয় থেকে প্রদত্ত গাইডলাইনসমূহ অনুসরণ করে যথাযথ মনিটরিং করা হচ্ছে না।


পরবর্তী পাতা-০২

০৪। শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায়ের অবস্থা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করা হলে তিনি গভীর অসন্তোষ প্রকাশ করেন। এমতাবস্থায়, চলতি অর্থবছরে শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে অর্থ বছরের অবশিষ্ট সময়ে ঘাটতিসহ লক্ষ্যমাত্রার আনুপাতিক আদায় নিশ্চিত করার জন্য ইতিপূর্বে গাইডলাইনে বর্ণিত কার্যক্রম গুরুত্বের সাথে ও যথাযথভাবে পরিপালনের জন্য নিম্নে তা পুনঃউল্লেখ করা হলো :

- (ক) অত্র বিভাগের ২০.১০.২০১৬ তারিখের পত্র নং ১৪২ এর মাধ্যমে প্রদত্ত গাইডলাইন অনুযায়ী শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট থেকে ঋণ আদায়ের জন্য বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয় ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক পর্যায়ে পৃথক সেল গঠন করে সেলসমূহের কাজের অগ্রগতি নিয়মিতভাবে পরিধারন করতে হবে।
- (খ) বিভাগীয় মহাব্যবস্থাপকগণ বিভাগের শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ স্ব স্ব অঞ্চলের শীর্ষ -১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে এবং শাখা ব্যবস্থাপকগণ শাখার শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের সাথে দ্বিপাক্ষিক সভা করে ঋণ আদায়ের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (গ) দ্বিপাক্ষিক আলোচনা ও কলাকৌশল প্রয়োগের পরও যেসব খেলাপী ঋণ আদায় সম্ভব হবে না সেগুলো মামলাধীন হলে আইনজীবীদের নিয়ে আলোচনা করে দ্রুত মামলা নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রয়োজনে আইনজীবী পরিবর্তন করে দক্ষ ও অভিজ্ঞ আইনজীবী নিয়োগ করতে হবে। মামলার তারিখে ব্যাংকের একজন প্রতিনিধি আদালতে উপস্থিত হয়ে মামলা নিষ্পত্তি ত্বরান্বিত করতে হবে এবং মামলা বর্হিভূত ঋণগুলো আদায়ের জন্য দ্রুত যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- (ঘ) জনপ্রতিনিধিদের সহযোগিতা নিয়ে সামাজিক চাপ সৃষ্টির মাধ্যমে শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট হতে ঋণ আদায়ের উদ্যোগ গ্রহণ করতে হবে।
- (ঙ) বিকেবি, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের বিগত ২৮.০৩.২০১৭ তারিখের পত্র নং ১১৭২(১২৫০) ৪.৪ অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা যথাযথ অনুসরণের মাধ্যমে শীর্ষ-৫০ ঋণ খেলাপীদের সাথে দ্বিপাক্ষিক সভা করে ঋণ আদায়ের কার্যকর উদ্যোগ গ্রহণ পূর্বক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ৭৫ দিনের কর্মপরিকল্পনার সফল বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
- (চ) শীর্ষ-১০০ মামলাধীন খেলাপী ঋণের জামানতির সম্পত্তির বিষয়ে ঋণ আদায় বিভাগের ১২.১২.২০০৭ তারিখের পত্র নং প্রকা/আদায়-১০(২)৩য় খন্ড (অংশ)/২০০৭-২০০৮/১৪৩৪(১২৫০) মোতাবেক অর্থ ঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ও ৩৩(৭) ধারা মোতাবেক দ্রুত ব্যবস্থা গ্রহণ করে ঋণ আদায় সম্পন্ন করতে হবে।
- (ছ) শীর্ষ-১০০ মামলাধীন খেলাপী ঋণের জামানতির সম্পত্তির বিষয়ে ঋণ আদায় বিভাগের ১২.১২.২০০৭ তারিখের পত্র নং প্রকা/আদায়-১০(২)৩য় খন্ড (অংশ)/২০০৭-২০০৮/১৪৩৫(১২৫০) মোতাবেক সার্টিফিকেট মামলার ব্যবস্থা গ্রহণ করে ঋণ আদায় সম্পন্ন করতে হবে।
- (জ) অর্থঋণ আদালতে দায়েরকৃত মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে আইন বিভাগের ০৩.১০.২০১৬ তারিখের পত্র নং প্রকা/আইন-৭৯৫(অংশ-৫)/২০১৬-২০১৭/৫৫৭ এর মাধ্যমে প্রদত্ত ঋণ আদায়ের সকল কলাকৌশল অবলম্বন করে সংশ্লিষ্ট খেলাপী ঋণ আদায়ের কার্যক্রম গ্রহণ করতে হবে।

০৫। এমতাবস্থায়, উপর্যুক্ত নির্দেশনাসমূহ যথাযথ পরিপালনপূর্বক শীর্ষ-১০০ খেলাপী ঋণ গ্রহীতাদের নিকট থেকে আগামী ৩০.০৬.২০১৭ তারিখের মধ্যে ন্যূনতম ৫০টি ঋণ সম্পূর্ণ আদায়, পুনঃতফশিল অথবা সুদ মওকুফের মাধ্যমে নিয়মিতকরণের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো। এতদ্বিষয়ে শাখা ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের এ সংক্রান্ত অগ্রগতি স্ব-স্ব নিয়ন্ত্রণকারী কার্যালয় কর্তৃক মাসিক ভিত্তিতে মনিটরিংপূর্বক যথারীতি মূল্যায়ন করতে হবে এবং স্থানীয় মুখ্য কার্যালয় ও বিভাগীয় কার্যালয়ের অগ্রগতি প্রধান কার্যালয় হতে মাসিক ভিত্তিতে মনিটরিং করে মূল্যায়ন করা হবে।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে,


আপনার বিশ্বস্ত

(মোঃ হোসেনুর রহমান) ২৭.০৪.১৭
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/পিএমডি-০৫ (৫৩৩৮)/২০১৬-২০১৭/৪৪৭(১০)

তারিখ : ২৭.০৪.২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রকা, ঢাকা (উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো)।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ১০। নথি/মহানথি।


(কাজী ওমর ফারুক)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা